মেহেরপুর জেলা বিএনপির খাদ্য সামগ্রী বিতরণ

করোনা ভাইরাস তগ্রস্থ,কর্মহীন,অসহায় পরিবারের মাঝে মেহেরপুর জেলা বিএনপি’র উদ্যোগে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার সকালে দরবেশপুর গ্রামে খাদ্য সহায়তা বিতরনের উদ্বোধন করেন মেহেরপুর জেলা বিএনপি’র সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন। মেহেরপুর জেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টনের সহযোগিতায়

মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর ইউনিয়নে ৯টি গ্রামে উদ্বোধন পরবর্তী খাদ্য সামগ্রী বাড়িতে বাড়িতে পৌঁছে দেয়া হয়।

এসময় উপস্থিত ছিলেন জেলা বিএনপির সহ-সভাপতি ওলি মোহাম্মদ, জেলা বিএনপির যুগ্ম সম্পাদক আরজুল্লাহ মাস্টার বাবলু, জেলা বিএনপির অন্যতম নেতা শাহজাহান শাহান, সদর উপজেলা যুবদলের আহবায়ক লিয়াকত আলী, সদর উপজেলা ছাত্রদলের সদস্য সচিব শেখ রাশিদুল ইসলাম রাজন-সহ জেলা বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ। পাঁচ শতাধিক কর্মহীণ মানুষেল মাঝে খাদ্য সহায়তা দেয়া হয়।

পৌরসভার উদ্যোগে করোনা ভাইরাস সম্পর্কে সচেতনতা সৃষ্টি ও জীবাণুনাশক স্প্রে

পৌরসভার উদ্যোগে করোনা ভাইরাস সম্পর্কে সচেতনতা সৃষ্টি ও জীবাণুনাশক স্প্রে করা হয়েছে। গতকাল সোমবার সকালের দিকে মেহেরপুর পৌরসভা চত্বর থেকে জীবাণুনাশক স্প্রে করণ শুরু করা হয়।

পরে পৌরসভার কর্মীরা মেহেরপুর শহরের প্রধান প্রধান সড়কে জীবাণুনাশক স্প্রে করে।

এর আগে পৌর মেয়র সর্বসাধারণের দৃষ্টি আকর্ষণ করে বলেন, “করোনাভাইরাস কে কেউ অবহেলার দৃষ্টিতে দেখবেন না। অযথা কেউ বাড়ির বাইরে বের হবেন না।”

মেহেরপুরে ফায়ার সার্ভিস কর্তৃক জীবাণুনাশক স্প্রে

মেহেরপুরে ফায়ার সার্ভিসের উদ্যোগে মেহেরপুরের বিভিন্ন স্থানে জীবাণুনাশক স্প্রে করা হয়েছে। করোনা ভাইরাসের প্রাদুর্ভাব দূর করতে এবং মানুষকে সুস্থ্য রাখার লক্ষ্যে এই স্প্রে প্রদান করে তারা।

গতকাল সোমবার সকালের দিকে মেহেরপুর ফায়ার সার্ভিসের একটি টিম মেহেরপুর শহরের বিভিন্ন জায়গাতে এই স্প্রে প্রদান করেছে।

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের স্টেশন অফিসার জাহিদুর রহমানের নেতৃত্বে স্প্রে করা হয়।

মেহেরপুরে জনপ্রশাসন প্রতিমন্ত্রীর পক্ষে ডিবি পুলিশের খাদ্য বিতরণ

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এর পক্ষে জেলা গোয়েন্দা পুলিশ কর্মহীন পরিবারের মাঝে খাদ্য উপহার সামগ্রী বিতরণ করেছে।

সোমবার রাতে পুলিশ সুপার এস এম মুরাদ আলীর ব্যবস্থাপনায় সদর উপজেলার গোপালপুর ও মদনা গ্রামের দুস্থ মানুষের মাঝে খাদ্য

বিতরণ করা হয়।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি রবিউল ইসলাম এই খাদ্য সামগ্রী অসহায় মানুষের হাতে তুলে দেন।

মেপ্র/এমএফআর

৭ হাজার পরিবার পেয়েছে মেহেরপুর পৌর মেয়রের খাদ্য উপহার

মেহেরপুর পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন এর খাদ্য উপহার সামগ্রী বিতরণ অব্যাহত রয়েছে।

রমজানের ক্লান্তি উপেক্ষা করে বাড়ি বাড়ি ছুটছেন খাদ্য নিয়ে।

করোনার সংকটময় পরিস্থিতির শুরু থেকে এ পর্যন্ত শহরের প্রায় প্রতিটি ওয়ার্ডের প্রায় ৭ হাজার পরিবারের মাঝে খাদ্য উপহার বিতরণ করা হয়েছে।

এছাড়াও শহরের প্রতিটি ওয়ার্ডের প্রতিটি পরিবারের মাঝে খাদ্য উপহার সামগ্রী তুলে দেওয়া হবে বলে জানান মেয়র রিটন।

এরই ধারাবাহিকতায় সোমবার বিকালে শহরের ৮ নং ওয়ার্ডে দেওয়া হয় খাদ্য উপহার।

মেপ্র/এমএফআর

মেহেরপুর প্রতিদিন এর প্রকাশক ইমন এর পক্ষ থেকে খাদ্য উপহার বিতরণ

মেহেরপুর জেলার নিয়মিত দৈনিক পত্রিকা মেহেরপুর প্রতিদিন এর প্রকাশক ও আনিশা গ্রুপ এর চেয়ারম্যান এম এ এস ইমন এর পক্ষ থেকে অসহায় কর্মহীন পরিবারের মাঝে খাদ্য উপহার সামগ্রী বিতরণ করা হয়েছে।

সোমবার রাতে শহরের ১নং ওয়ার্ডের প্রায় ২শ পরিবারকে এই খাদ্য উপহার সামগ্রী তুলে দেওয়া হয়।

করোনার সংকটময় পরিস্থিতিতে খাদ্য বিতরণ অব্যাহত থাকবে বলে জানান এম এ এস ইমন।

বর্তমান পরিস্থিতি মোকাবেলায় সবাইকে এক যার যার অবস্থান থেকে কাজ করার আহবান জানান এম এ ইমন।

খাদ্য বিতরণে সহযোগিত করেন শিশির অরুপ, মাসুদ রানা মাস্টার, ফারুক, বিপুল, টিংকু, ইমরুল।

মেপ্র/এমএফআর

গাংনীতে ভেজাল গুড়ের কারখানায় অভিযান, মালিকের দন্ড

মেহেরপুরের গাংনীতে ভেজাল গুড়ের কারাখানায় অভিযান চালিয়েছে ভ্রাম্যমাণ আদালত। এসময় কারখানা মালিক হকাজ্জেল হোসেন কে ২০ দিনের কারাদণ্ড ও ১০ হাজার টাকা জরিমানা আদায় করে আদালত৷

ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিষ্ট্রেট ও সহকারী কমিশনার

ভুমি মো: ইয়ানুর রহমান এর নেতৃত্বে এই অভিযান পরিচালনা করা হয়৷

দন্ডিত হকাজ্জেল হোসেন রামনগর গ্রামের আমিরুদ্দীন শেখ এর ছেলে।

ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিষ্ট্রেট ইয়ানুর রহমান জানান, রামনগর গ্রামের হকাজ্জেল হোসেন তার নিজ বাড়িতে আখের রস ছাড়াই চিনি ও ঘি মিশিয়ে ভোজাল গুড় তৈরি করছে এমন সংবাদের ভিত্তিতে অভিযান চালানো হয়।

ঘটনার সত্যতা পাওয়ায় ও হকাজ্জেল হোসেন তার অপরাধ স্বীকার করায় তাকে ২০ দিনের কারাদন্ড ও ১০ হাজার টাকা (অর্থদন্ড) জরিমানা করা হয়।

এ সময় ১২শ’ কেজি ভেজাল গুড়,২শ’ কেজি চিনি ও ১৩ কেজি ডালডা ঘি জব্দ করা হয়। জব্দকৃত মালামাল ভবানীপুর পুলিশ ক্যাম্পের এসআই ওলিউর রহমান ও এএসআই মামুনের কাছে জিম্মায় রাখা হয়েছে। সেই সাথে দন্ডিত আসামীকে গাংনী থানায় হস্তান্তর করা হয়েছে।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে সিএফএইচ এর উদ্যোগে ঔষধ বিতরণ

মেহেরপুরে সিএফএইচ এর উদ্যোগে ঔষধ বিতরণ করা হয়েছে।

রবিবার গাংনী হাসপতাল চত্তরে ছোট পরিবহন শ্রমিকদের মাঝ এই ওষুধ সামগ্রী বিতরণ করা হয়।

হিউম্যানিটি-সিএফএইচ সেচ্ছাসেবী সংগঠনের সদস্যরা ভ্রাম্যমাণ স্বাস্থ্য সেবা কর্মসূচি চালু করে।

সাধারণ চিকিৎসার জন্য প্রায় ৫০ জন শ্রমিকদের প্যারাসিটামল, ওমিপ্রাজল, ব্যথা নাশক ও খাবার স্যালাইন বিতরণ করা হয়।

মেপ্র/এমএফআর

গাংনীতে ছাত্রলীগের উদ্যোগে ইফতার বিতরণ

মেহেরপুরের গাংনী উপজেলা ছাত্রলীগের উদ্যোগে ইফতার সামগ্রী বিতরণ করা হয়েছে। রবিবার বিকেলে গাংনীর কাথুলি মোড়ে প্রায় দেড়শ’জনের মাঝে এ ইফতার সামগ্রী বিতরণ করা হয়।

ইফতার বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও উপজেলা চেয়ারম্যান এম এ খালেক, উপজেলা ছাত্রলীগের সভাপতি তৌহিদুল ইসলাম, সাধারণ সম্পাদক বিপ্লব হোসেন, পৌর ছাত্রলীগের সাধারণ সম্পাদক ইমরান হাবিব সহ ছাত্রলীগের সকল স্তরের নেতা কর্মীবৃন্দ।

মেপ্র/এমএফআর

গাংনীতে ব্যবসায়ীকে জখম করার অভিযোগে ইউপি সদস্য লিটন আটক

মেহেরপুরের গাংনীতে আসাদুল ইসলাম (২৭) নামের এক ব্যবসায়ীকে কুপিয়ে আহত করার অভিযোগে ইউপি সদস্য জাহাঙ্গীর আলম লিটনকে আটক করেছে পুলিশ।

রবিবার দুপুর ২টায় তার বাড়ি থেকে গ্রেফতার করে পুলিশ। আহত আসাদুল ইসলাম ছাতিয়ান গ্রামের শফিউল ইসলামের ছেলে। সে বর্তমানে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে।

আহত আসাদুল ইসলাম জানান,শনিবার একটি মামলা তদন্ত করার জন্য গাংনী থানার এক এসআই ছাতিয়ান গ্রামে আসে। এসময় আমরা কয়েকজন বন্ধু বাজারের পাশে বসে থাকাবস্থায় মটমুড়া ইউপি সদস্য জাহাঙ্গীর আলম

লিটন ও তদন্তে আসা পুলিশ কর্মকর্তাকে নিয়ে আমাদের কাছে আসে এবং মাদক আছে মর্মে সার্চ করে। মাদক না পেয়ে ইউপি সদস্য জাহাঙ্গীর আলম লিটন পুলিশের সাথে চলে যাওয়ার চিৎকার করে বলেন এই গ্রামের বুকে কোন মাদক ব্যবসায়ী কিংবা সেবনকারীর স্থান হবেনা। আজ রবিবার (০৩-০৫-২০২০ ইং) ১২ টায় ইউপি সদস্য’র ভাই মিজান গাঁজা বের করে আমাদের দেখিয়ে বলে আমি গাঁজা খাবো কে ঠেকাই দেখবো। এসব কথাবার্তা বলার এক পর্যায় বাকবিতন্ডার ঘটনা ঘটে। পরে ইউপি সদস্য জাহাঙ্গীর আলম লিটন ধারালো অস্ত্র দিয়ে আমার বাম হাতে কোপ দিয়ে পালিয়ে যায়।

কুমারীডাঙ্গা পুলিশ ক্যাম্প ইনচার্জ এসআই আব্দুল আলিম জানান, আসাদুল ইসলাম নামের এক ব্যক্তিকে কুপিয়ে আহত করার অভিযোগে ইউপি সদস্য জাহাঙ্গীর আলম লিটনকে আটক করে ক্যাম্পে রাখা হয়েছে। এদিকে ইউপি সদস্য জাহাঙ্গীর আলম লিটন পুলিশ হেফাজতে ও তার ভাই মিজান পলাতক থাকায় তাদের বক্তব্য জানা সম্ভব হয়নি।

গাংনী থানার ওসি মোঃ ওবাইদুর রহমান জানান, ঘটনার রহস্য বের করার চেষ্টা চলছে। এছাড়া আহতের পরিবারের আবেদনের প্রেক্ষিতে আইনগত ব্যবস্থা নেয়া হবে।